দৈনিক ইত্তেফাক
12 JAN 1990
পৃষ্ঠা ৮ ক. ২

47

# প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার ঘোষণা বাস্তবায়নের দাবী

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ মহিলা পরিষদ প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার ঘোষণা বাস্তবায়ন করার লক্ষ্যে প্রয়োজনীয় আইন পাস ও কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবী জানাইয়াছে।

গতকাল (বৃহস্পতিবার) এক সাংবাদিক সম্মেলনে পরিষদের পক্ষ হইতে ঢাকা মহানগরে শিক্ষা সমস্যা বিশেষ করিয়া প্রাথমিক শিক্ষার সমস্যার কথা উল্লেখ করিয়া ১৮ দফা দাবী ও সুপারিশমালা পেশ করা হয়। সাংবাদিক সম্মেলনে জানানো হয় যে, '৮৩ সন হইতে '৮৯ সন পর্যন্ত সরকার অনুমোদিত উচ্চ বিদ্যালয়ের সংখ্যা ঢাকা শহরে বাড়িয়াছে মাত্র ৫টি। ঢাকা শহরে আজও প্রায় ১ লক্ষ ৯৩ হাজারের মত ছেলেমেয়ে প্রাথমিক স্কুলের আওতার বাহিরে রহিয়া গিয়াছে। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন ডঃ শরিফা খাতুন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন হাসনা বানু, খালেদা মাহবুব, সীমা মোসলেম, রাখীদাস পুরকায়স্থ প্রমুখ।